অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/28/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

তরুণ সম্প্রদায়কে ভেপিং ত্যাগে সাহায্য করার উদ্দেশ্যে গভর্নর কুউমো নতুন কর্মসূচি ঘোষণা করলেন

তরুণদের মধ্যে ভেপিং-এর অবসান ঘটাতে স্টেট জুড়ে গভর্নরের প্রচারণার সর্বশেষ প্রস্তাব হল ফ্রি টেক্সট বার্তা কর্মসূচি

তরুণদের মধ্যে ভেপিং-এর ভীতিকর উত্থানের বিরুদ্ধে লড়াইয়ের লক্ষ্যে কার্যক্রম

88709 নম্বরে "DropTheVape" টেক্সট করুন

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ ঘোষণা দিয়েছেন যে, অল্পবয়সীদের ই-সিগারেট ছাড়তে সাহায্যের উদ্দেশ্যে তরুণ ভেপিং-এর আশঙ্কাজনক উত্থান ঠেকাতে স্টেটের পদক্ষেপ চলাকালে নিউইয়র্ক স্টেট এখন ফ্রি টেক্সট বার্তা কর্মসূচি দিচ্ছে। স্বাস্থ্য কমিশনার ডাঃ হাওয়ার্ড জুকার গতকাল লং আইল্যান্ডের ওল্ড ওয়েস্টবারিতে অবস্থিত পাবলিক হাই স্কুল হুইটলি স্কুলে, নিউ ইয়র্ক স্টেট PTA এবং ভেপিং ই-সিগারেট-এর বিরুদ্ধে অভিভাবক (Parents Against Vaping E-cigarettes, PAVe)-এর সাথে মদ্যপান ও নেশাদ্রব্য নির্ভরতা বিষয়ক লং আইল্যান্ড কাউন্সিল (Long Island Council on Alcoholism and Drug Dependence) একটি #NoVapeNY সমাবেশে এই উদ্যোগটি উন্মোচন করেছেন। হাই স্কুলের শিক্ষার্থীদের মধ্যে ভেপিং-এর অবসানের উদ্দেশ্যে গভর্নরের স্টেটব্যাপী ক্যাম্পেইনে এটি সর্বশেষ পদক্ষেপ।

"ই-সিগারেটসেবী তরুণদের সংখ্যার উদ্বেগজনক বৃদ্ধি প্রমাণ করে যে অন্য আরেকটি প্রজন্মের আজীবন নিকোটিন আসক্তি গড়ে ওঠার পূর্বেই আমাদের এই মারাত্মক মহামারীটির প্রতিরোধ করতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "এ কারণেই আমরা সকল স্বাদযুক্ত নিকোটিন ভেপিং পণ্য নিষিদ্ধ করার উদ্দেশ্যে, আমাদের বাচ্চাদের লক্ষ্য করে এই নির্লজ্জ ভেপিং বিজ্ঞাপনগুলোর অবসান ঘটাতে সাহসী ও আক্রমণাত্মক পদক্ষেপ নিচ্ছি, এবং কিশোর-কিশোরীদের ভেপিং ছাড়ার জন্য সহজ উপায় অফার করছি।"

তাদের বার্তা-ভিত্তিক হস্তক্ষেপের একটি নিউ ইয়র্ক স্টেট-নির্দিষ্ট সংস্করণ "বর্জন" তৈরি করতে, স্টেটের স্বাস্থ্য দপ্তর (State Department of Health), তামাককে অতীত বানাতে চাওয়া ট্রুথ ইনিশিয়েটিভ (Truth Initiative) নামক একটি অলাভজনক জাতীয় পাবলিক স্বাস্থ্য সংস্থার সাথে

অংশিদার করেছে। এই প্রোগ্রামে অ্যাক্সেস করতে, ব্যবহারকারীদের শুধুমাত্র 44709-এ "DropTheVape" বার্তা পাঠাতে হবে।

এই উদ্ভাবনী এবং বিনামূল্য বার্তা কর্মসূচিটি কিশোর-কিশোরী, কলেজ ছাত্র এবং তরুণ প্রাপ্তবয়স্কদের মতামত দিয়ে তৈরি করা হয়েছিল যারা ভেপিং ছেড়ে দেওয়ার চেষ্টা করেছেন বা সফল হয়েছেন। ত্যাগের উপযুক্ত সুপারিশ দেওয়ার উদ্দেশ্যে নির্দিষ্ট বয়স গ্রুপ (13-17 এবং 18-24) অনুসারে তৈরি করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "কম বয়সীদের মধ্যে ই-সিগারেটের এই উদ্বেগজনকভাবে অধিক ব্যবহার জনস্বাস্থ্যগত সংকটের চাইতে একটুও কম নয় এবং পরিস্থিতি ঘুরিয়ে দিতে হলে আমাদেরকে অবশ্যই আমাদের সামর্থ্যের মধ্যে থাকা সমস্ত কিছুই করতে হবে। এই নতুন কর্মসূচিটি একটি মূল্যবান সংস্থান এবং আমরা সবাইকে অনুরোধ করছি, তারা যেন একটি সহজ লেখা দিয়ে শুরু করে ভেপ ত্যাগ করে, যা শেষ পর্যন্ত তাদের জীবন বাঁচাতে পারে।"

বার্তা কর্মসূচিতে তালিকাভুক্ত হওয়ার পরে, ব্যবহারকারীরা তাদের সাইন-আপের তারিখ বা তারা যদি সেট করতে চান তাহলে তাদের ত্যাগ করার কাঙ্খিত তারিখ অনুযায়ী দৈনিক ইন্টারঅ্যাকটিভ বার্তা পান। বার্তার মধ্যে রয়েছে উৎসাহ, প্রেরণা, দক্ষতা এবং আত্ম-কার্যকারিতা নির্মাণ অনুশীলন এবং মোকাবেলা কৌশল । যদি একজন ব্যবহারকারী ত্যাগ করার কোনো তারিখ নির্দিষ্ট করা না থাকে তাহলে কমপক্ষে এক মাসের জন্য বার্তাগুলো উপলভ্য থাক। যদি একজন ব্যবহারকারী ত্যাগ করার কোনো তারিখ নির্ধারণ করে, তাহলে ত্যাগ করার তারিখের পূর্বে অন্তত এক-সপ্তাহ পর্যন্ত এবং ত্যাগ করার তারিখের পরে অন্তত দুই মাসের জন্য বার্তা পায়, যে তারিখ তারা যেকোনো সময়ে পরিবর্তন করতে পারে। প্রোগ্রামটি ব্যবহারকারীদেরকে নিউইয়র্ক স্টেট কুইটলাইন (New York State Quitline)-এর দিকে পরিচালিত করে যা, ভেপিং-এর উপরে তাদের নির্ভরতা ভাঙতে সাহায্য করার ক্রমবর্ধমান প্রয়োজনীয়তা মোকাবেলায়, সম্প্রতি ই-সিগারেটের উপযুক্ত ব্যবহারকারীদের জন্য বিনামূল্যে ত্যাগ করার-কোচিং এবং নিকোটিন প্রতিস্থাপনের থেরাপি যুক্ত করেছে।

গত সপ্তাহে গভর্নর কুউমো তার 2020-21 অর্থ বছরের বাজেট প্রস্তাবের সমর্থনে একটি নতুন প্রচারণা শুরু করেন, যার মধ্যে রয়েছে মেনথল স্বাদে-সহ সকল গন্ধযুক্ত নিকোটিন ভেপিং পণ্য নিষিদ্ধ করা এবং তরুণদের উদ্দেশ্য করে বিজ্ঞাপন সীমিত করা। গভর্নরের প্রস্তাবিত আইনে জনস্বাস্থ্যগত ঝুঁকি হিসেবে বিবেচিত ভেপিং পণ্যের ক্যারিয়ার অয়েল বিক্রি নিয়ন্ত্রণ করতে স্টেটের স্বাস্থ্য দপ্তরকে অনুমোদন দেবে। এই আইনটি অনলাইন, ফোন এবং মেইল অর্ডারের মাধ্যমে ই-সিগারেটের বিক্রয় নিষিদ্ধ করবে; শুধুমাত্র নিবন্ধিত খুচরো বিক্রেতাদের ঐ পদ্ধতি ব্যবহার করে ই-সিগারেট কেনার অনুমতি দেওয়া হবে। প্রচারাভিযানটি একটি নতুন হ্যাশট্যাগ-#NoVapeNY-এর পাশাপাশি একটি পিটিশন যেখানে নিউ ইয়র্কের অধিবাসীগণ আইন এবং একটি নতুন ওয়েবসাইট- ny.gov/endvaping -এ প্রস্তাবগুলির সম্পর্কে আরও তথ্য দিয়ে তাদের সমর্থন দেখাতে পারে।

স্বাস্থ্য দপ্তরের ডেটা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের 12 গ্রেডের ছাত্র ছাত্রীদের মধ্যে প্রায় 40 শতাংশ এবং হাই স্কুলের ছাত্র ছাত্রীদের মধ্যে প্রায় 27 শতাংশ এখন ই-সিগারেট ব্যবহার করে, এবং এই বৃদ্ধির অন্যতম প্রধাণ কারণ হল সুগন্ধী ই-লিকুইড। 2018 সালে হাই স্কুলে এর ব্যবহার (27.4%) 2014 সালে এর ব্যবহারের (10.5%) থেকে 160 শতাংশ বৃদ্ধি পেয়েছে। যেখানে নিউ ইয়র্কের হাই স্কুলের শিক্ষার্থীদের ধূমপানের হার 2000 সালের 27.1% থেকে 2016 সালে 4.3% এ রেকর্ড পরিমাণ হ্রাস পেয়েছিল, সেখানে স্বাদযুক্ত ই-সিগারেটের আগ্রাসী বিপণন কৌশল সেই প্রবণতাটিকে ফিরিয়ে আনার লক্ষ্যে তৈরি হয়েছে।

লং আইল্যান্ডের মদ্যপান ও ড্রাগ নির্ভরশীলতা বিষয়ক কাউন্সিল-এর নির্বাহী পরিচালক স্টিভ চ্যাসম্যান বলেন, "যেহেতু আমরা ঝুঁকিপূর্ণ ভেপিং পণ্য নিষিদ্ধ করার জন্য সম্মিলিতভাবে কাজ করি যা স্পষ্টতই অপ্রাপ্ত বয়স্কদের লক্ষ্যবস্তু করছে এবং আমাদের তরুণদের স্বাস্থ্য এবং সুস্থতায় জন্য ধ্বংসাত্মক প্রভাব ফেলছে, সেহেতু মদ্যপান ও ড্রাগ নির্ভরতা বিষয়ক লং আইল্যান্ডের কাউন্সিল (LICADD) গভর্নর কুওমোর কার্যালয় এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার, ডাঃ হাওয়ার্ড জুকারের সাথে একাত্ব হতে পেরে গর্বিত।"

লরি এ. জামান, নিউ ইয়র্ক স্টেট পিটিএ (NYS PTA) সভাপতি বলেন, "আমরা এই ভেপিং মহামারীর শেষ পর্যন্ত শিশু, পরিবার এবং স্কুলকে সহায়তা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। নিউ ইয়র্ক স্টেট পিটিএ তরুণ তরুণীদের ভেপিং সংক্রান্ত ক্ষতি বিষয়ে শিক্ষা প্রদান অব্যাহত রাখবে এবং মেনথলসহ স্বাদযুক্ত সকল ই-সিগারেট এবং স্বাদযুক্ত ই-তরলের বিপণন ও বিক্রয় নিষিদ্ধ করার পরামর্শ দিবে। একত্রে আমরা প্রতিটি শিশুর সম্ভাবনাকে বাস্তবে পরিণত করব।"

এই বয়ঃসন্ধিকালের জন-স্বাস্থ্য সংকটের পরিস্থিতি মোকাবেলায় প্রতিষ্ঠিত একটি জাতীয় তৃণমূল গোষ্ঠী ভেপিং ই-সিগারেট বিরোধী অভিভাবক-এর সহ-প্রতিষ্ঠাতা মেরিইডিথ বার্কম্যান এবং ডোরিয়ান ফারম্যান বলেন, "আমরা কৃতজ্ঞ যে গভর্নর কুওমো এবং কমিশনার জুকার অল্পবয়স্কদের মধ্যকার ভেপিং মহামারীর ফলস্বরূপ মারাত্মক নিকোটিন আসক্ততায় ভুগতে থাকা নিউ ইয়র্কের হাজার হাজার কিশোর কিশোরীকে সহায়তা করার উদ্দেশ্যে "ভ্যাপটি ছাড়ুন"-এর মতো সৃজনশীল সমাধান খুঁজতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা MOMvocates-এর একটি সেনাদল, যারা আমাদের সন্তানদের বৃহৎ টোবাকোর (Big Tobacco) শিকারী আচরণ এবং স্বাদযুক্ত ই-সিগারেটের বিপদ থেকে রক্ষা করতে লড়াই করছি। নিউ ইয়র্কের পরিবারগুলোর জন্য ইস্যুটির গুরুত্ব তাৎক্ষণিকভাবে উপলব্ধি করায় আমরা নিউ ইয়র্কের DADvocate-in-chief গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই, যা #NoVapeNY ক্যাম্পেইনকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে।"

মনে রাখবেন, এই প্রোগ্রামে অংশগ্রহণ করতে হলে, 88709 নম্বরে শুধুমাত্র "DropTheVape" লিখে পাঠাতে হবে।

ই-সিগারেট সম্পর্কে আরও তথ্যের জন্য পরিদর্শন করুন: www.health.ny.gov/NoVape

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন